গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কোয়ালিটি কন্ট্রোল ল্যাবরেটরি ফর লাইভস্টক এন্ড লাইভস্টক প্রোডাক্টস (কিউসি ল্যাব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, সাভার, ঢাকা-১৩৪৩ ।
www.qclabdls.portal.gov.bd

স্মারক নং-৩৩.০১.০০০০.১১৬.০৬.০০২.২২-৬৪

তারিখঃ ২৩/০৩/২০২৫ খ্রি.

**কোয়ালিটি কন্ট্রোল ল্যাবরেটরি ফর লাইভস্টক এন্ড লাইভস্টক প্রোডাক্টস (কিউসি ল্যাব), প্রাণিসম্পদ অধিদপ্তর, সাভার, ঢাকা এর ১২৬ তম ল্যাব মিটিং এর কার্যবিবরণী-**

| | | |
|---|---|---|
| **সভার স্থান** | ঃ | মিটিং রুম, কিউসি ল্যাব, প্রাণিসম্পদ অধিদপ্তর, সাভার, ঢাকা-১৩৪৩ । |
| **তারিখ** | ঃ | ১৯/০৩/২০২৫ খ্রিঃ |
| **সময়** | ঃ | সকাল ৯.৩০ ঘটিকা |
| **সভাপতি** | ঃ | সিনিয়র সায়েন্টিফিক অফিসার, কিউসি ল্যাব, প্রাণিসম্পদ অধিদপ্তর, সাভার, ঢাকা-১৩৪৩ । |
| **উপস্থিত সদস্যবৃন্দ** | ঃ | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য |

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়-

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা/সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | কোয়ালিটি ম্যানেজারের দায়িত্ব পরিবর্তন | **আলোচনাঃ** এসএসও ড. মোঃ আল-আমীন জানান যে, কিউসি ল্যাবে কোয়ালিটি ম্যানেজারের দায়িত্ব পালনকারী কর্মকর্তা ড. মোঃ জাহাঙ্গীর হোসেন, ডিএলও (লীভ/রিজার্ভ), প্রাণিসম্পদ অধিদপ্তর, সংযুক্তি-কিউসি ল্যাব, প্রাণিসম্পদ অধিদপ্তর, সাভার, ঢাকা সম্প্রতি অন্য দপ্তরে বদলী হওয়ায় উক্ত দায়িত্ব অন্য কোন কর্মকর্তার নিকট ন্যস্ত করা প্রয়োজন। এসএসও ড. মোঃ আল-আমীন এ দায়িত্ব পালনের জন্য জনাব চৈতী ঢালি, ইউএলও (লীভ/রিজার্ভ), প্রাণিসম্পদ অধিদপ্তর, সংযুক্তি-কিউসি ল্যাব, প্রাণিসম্পদ অধিদপ্তর, সাভার, ঢাকা এর নাম প্রস্তাব করেন। তাঁর এ প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br><br>**সিদ্ধান্তঃ**<br>১) পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত জনাব চৈতী ঢালি, ইউএলও (লীভ/রিজার্ভ), প্রাণিসম্পদ অধিদপ্তর, সংযুক্তি-কিউসি ল্যাব, প্রাণিসম্পদ অধিদপ্তর, সাভার, ঢাকা অত্র গবেষণাগারের কোয়ালিটি ম্যানেজারে দায়িত্ব পালন করবেন। | ১. ড. মোঃ আল-আমীন, এসএসও<br>২. জনাব চৈতী ঢালি, কোয়ালিটি ম্যানেজার |
| ২. | আসন্ন ঈদুল ফিতরের সরকারী ছুটি কালীন সময়ে গবেষণাগার ব্যবস্থাপনা | **আলোচনাঃ** এসএসও ড. মোঃ আল-আমীন জানান যে, আসন্ন ঈদুল ফিতরের সরকারী ছুটি দীর্ঘ হওয়ায় গবেষণাগারের সকল এমএস মেশিন বন্ধ রাখা বাঞ্চনীয়। তাছাড়া ছুটিকালীন সময়ে অন্ততঃ ৩-৪ জন কর্মচারীকে নিরাপত্তার দায়িত্ব প্রদান করা জরুরী।<br><br>**সিদ্ধান্তঃ**<br>১) ছুটিকালীন সময়ে গবেষণাগারের সকল এমএস মেশিন বন্ধ থাকবে ।<br>২) ছুটিকালীন সময়ে জনাব পলাশ চন্দ্র, বাবলু শেখ ও জাকিরুল অত্র গবেষণাগারের নিরাপত্তার দায়িত্ব পালন করবেন | ১. ড. মোঃ আল-আমীন, এসএসও<br>২. জনাব মোঃ মোশারফ হোসেন, এসএসও, ফিড কোয়ালিটি কন্ট্রোল শাখা<br>৩. ডাঃ এসএম শরিফুল ইসলাম, এসএসও, রেসিডিউ এন্ড বায়োলজিক্স শাখা<br>ডাঃ মোঃ নাজমুল হোসেন, এসএসও, মাইক্রোবিয়াল ফুড সেফটি শাখা |
| ৩. | নমুনায় ভারী ধাতু পরীক্ষা | **আলোচনাঃ** এসএসও ড. মোঃ আল-আমীন জানান যে, গবেষণাগারে প্রায় সকল পরীক্ষা সম্পন্ন করার জন্য বিকল্প বিজ্ঞানী আছেন কিন্তু নমুনায় ভারী | ১) জনাব মোঃ মোশারফ হোসেন, এসএসও, |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা/সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | | ধাতুর উপস্থিতি নির্ণয় একমাত্র ফিড কোয়ালিটি কন্ট্রোল শাখার এসএসও জনাব মোঃ মোশারফ হোসেন সম্পন্ন করে থাকেন এবং এর জন্য কোন বিকল্প বিজ্ঞানী নেই। বিষয়টি গবেষণাগারের জন্য খুবই ঝুঁকিপূর্ণ বিধায় সংশ্লিষ্ট শাখার অন্যান্য বিজ্ঞানী ও গবেষণাগারের অন্য যে কোন আগ্রহী বিজ্ঞানীগনকে ফিড কোয়ালিটি কন্ট্রোল শাখার ২টি এএএস মেশিন দ্বারা নমুনায় ভারী ধাতুর উপস্থিতি নির্ণয় পদ্ধতি শেখানো জরুরী। এ বিষয়ে পূর্ববর্তী সভায় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হলেও কোন অগ্রগতী না থাকায় বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করার জন্য ফিড কোয়ালিটি কন্ট্রোল শাখার এসএসও জনাব মোঃ মোশারফ হোসেনকে অনুরোধ করা হয়।<br>**সিদ্ধান্তঃ**<br>১) ফিড কোয়ালিটি কন্ট্রোল শাখার এসএসও জনাব মোঃ মোশারফ হোসেন অনতিবিলম্বে শাখার অন্যান্য বিজ্ঞানী ও গবেষণাগারের আগ্রহী বিজ্ঞানীগনকে ২টি এএএস মেশিন দ্বারা নমুনায় ভারী ধাতুর উপস্থিতি নির্ণয় পদ্ধতি শেখানোর ব্যবস্থা গ্রহণ করবেন। | ফিড কোয়ালিটি কন্ট্রোল শাখা<br>২) জনাব অনামিকা রায়, এসএসও, ফিড কোয়ালিটি কন্ট্রোল শাখা |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. মোঃ আল-আমীন)
সিনিয়র সায়েন্টিফিক অফিসার
কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা ।

অনুলিপি-
১-২২. সকল কর্মকর্তা ও কর্মচারী । জ্ঞাতার্থে ও কার্যার্থে।
২৩. অফিস নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কোয়ালিটি কন্ট্রোল ল্যাবরেটরি ফর লাইভস্টক এন্ড লাইভস্টক প্রোডাক্টস (কিউসি ল্যাব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, সাভার, ঢাকা-১৩৪৩ ।
**www.qclabdls.portal.gov.bd**

## পরিশিষ্ট 'ক'ঃ ল্যাব মিটিং এ উপস্থিত কর্মকর্তা/~~কর্মচারী~~বৃন্দ

সভার স্থানঃ কনফারেন্স হল, কিউসি ল্যাব
সময়ঃ সকাল ৯.৩০ ঘটিকা

তারিখঃ ১৯/০৩/২০২৫ খ্রি.

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ মোশারফ হোসেন | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (লিভ/ডেপুটেশন/ট্রেনিং/রিজার্ভ পদ) সংযুক্তিঃ কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ২. | ডাঃ এস এম শরিফুল ইসলাম | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (লিভ/ডেপুটেশন/ট্রেনিং/রিজার্ভ পদ) সংযুক্তিঃ কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ৩. | ডাঃ মারুফা আক্তার | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (লিভ/ডেপুটেশন/ট্রেনিং/রিজার্ভ পদ) সংযুক্তিঃ কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ৪. | জনাব ~~চৈতি~~ চৈতী ঢালী | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (লিভ/ডেপুটেশন/ট্রেনিং/রিজার্ভ পদ) সংযুক্তিঃ কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ৫. | জনাব অনামিকা রায় | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, (লীভ/রিজার্ভ) সংযুক্তিঃ কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ৬. | ডাঃ মোঃ নাজমুল হোসেন | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (লিভ/ডেপুটেশন/ট্রেনিং/রিজার্ভ পদ) সংযুক্তিঃ কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ৭. | জনাব মোঃ রেজওয়ানুল হায়দার | বৈজ্ঞানিক কর্মকর্তা কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |